**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**14 JULY 2025** **7:45 PM IST**

==================================================================

১) রাজ্যের মূখ্য সচিব ডা:রবি কোটার চারদিনের বরাক উপত্যকা সফরের শেষ দিনে আজ কাছাড় জেলার বিভিন্ন স্থান পরিদর্শন ।

২) আলফা স্বাধীনের বিরুদ্ধে অভিযান চালিয়ে চরাইদেও জেলা পুলিশের গত দুদিনে ১০ জন লিঙ্কম্যানকে গ্রেপ্তার ।

৩) ভারতীয় মহাকাশচারী ক্যাপ্টেন শুভাংশু শুক্লা এবং এক্সিয়ম-ফোর অভিযানের অন্য তিনজন মহাকাশচারীর পৃথিবীতে ফিরে আসার প্রক্রিয়া আজ শুরু ।

এবং

৪) ২০২০ ব্যাচের আই এ এস ক্যাডার অভিষেক জৈন হাইলাকন্দির নতুন জেলা আয়ুক্ত হিসেবে নিযুক্তি ।

---

বরাক উপত্যকার কৃষি সম্ভাবনা ও সমাজের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনের মান উন্নয়নের প্রতি আসাম সরকারের অঙ্গীকার আরো সুদৃঢ় করতে রাজ্যের

মূখ্য সচিব ড.রবি কোটা তাঁর চারদিনব্যাপী গুরুত্বপূর্ণ সফর আজ শেষ করেছেন । সফরের শেষ দিনে আজ তিনি কাছাড় জেলার বিভিন্ন স্থান পরিদর্শন করেন । প্রথমে তিনি লক্ষীপুরের মার্কুলিন আনারস বাগানে গিয়ে কৃষকদের অভিজ্ঞতা ও সমস্যার বিষয়ে অবগত হন এবং আনারস চাষের সম্ভাবনা ও প্রত্যাহ্বান নিয়ে বিস্তারিত আলোচনা করেন । কৃষকদের আয় বাড়ানোর জন্য তিনি মূল্য সংযোজন ও উন্নত বাজারজাতকরণ ব্যাবস্থার গুরুত্ব আরোপ করেন ।

এরপর তিনি মার এগ্রো অর্গানিক প্রডিউসার কোম্পানীর কার্যালয়ে গিয়ে কোম্পানীর বোর্ড অফ ডিরেক্টরস ও কৃষক প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন । বৈঠকে ড.কোটা কাছাড় ও পাশ্ববর্তী জেলা সহ প্রতিবেশী রাজ্যের উৎপাদন একত্রিত করে একটি সুসংগঠিত প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে জেলা প্রশাসন ও কৃষি দপ্তরকে নির্দেশ দেন । এই বৈঠকে কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব ,জেলা কৃষি বিভাগের সঞ্চালক ড. এ আর আহমেদ সহ অন্যান্য বিভাগের আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

মূখ্য সচিব এরপর ডলু গ্রিনফিল্ড বিমানবন্দরের প্রস্তাবিত স্থলের কাছে লালবাগে চা শ্রমিকদের পুনর্বাসনের জন্য নির্মীয়মান ১৭৩ টি ঘরের কাজের অগ্রগতি সরেজমিনে খতিয়ে দেখেন । চারদিনের বরাক উপত্যকা সফরের সমাপ্তির পর শিলচর বিমানবন্দরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে ড.রবি কোটা কাছাড় জেলায় আনারস চাষ ও কৃষি ভিত্তিক শিল্পের বিপুল সম্ভাবনা রয়েছে এবং কৃষক ,কৃষি কোম্পানী ও প্রশাসনের মধ্যে  যে সমন্বয় গড়ে উঠেছে তা আশাব্যঞ্জক বলে জানান । এছাড়া চা শ্রমিকদের পুনবার্সন প্রকল্পের কাজ নিয়েও তিনি সন্তোষ ব্যাক্ত করেন ।

---

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ দিসপুরের লোকসেবা ভবনে এক বৈঠকে অংশ নিয়ে সেপ্টেম্বরে অনুষ্ঠেয় স্বাস্থ্য শিবিরের প্রারম্ভিক প্রস্তুতির খোঁজ নেন । তিনি সংশ্লিষ্ট আধিকারিকদের এই শিবিরের জন্য সব কাজ সুষ্ঠুভাবে করার নির্দেশ দেন । উল্লেখ্য রাজ্য সরকার ১৮ বছর অনুর্দ্ধ ছেলে মেয়েদের জন্য রাজ্যজুড়ে সেপ্টেম্বরে বৃহৎ স্বাস্থ্য শিবির আয়োজনের পরিকল্পনা করেছে । এই শিবিরে হৃদরোগ , স্নায়ুরোগ ,জেনেটিক রোগ ,চোখ ,কানের রোগ সহ ৫০ টি রোগ শণাক্ত করে যাবতীয় ব্যাবস্থা গ্রহণ করা হবে ।

---

চরাইদেও জেলা পুলিশ আলফা স্বাধীনের বিরুদ্ধে অভিযান চালিয়ে গত দুদিনে ১০ জন লিঙ্কম্যানকে গ্রেপ্তার করেছে । পূর্বে আটক করা আলফার লিঙ্কম্যানের স্বীকারোক্তির ভিত্তিতে পুলিশ এই অভিযান চালায় । আসন্ন স্বাধীনতা দিবসে সম্ভাব্য নাশকতামূলক কার্যকলাপ রোধে ওউলিশ এই অভিযান তীব্র করে তুলেছে ।আটক করা লিঙ্কম্যানদের কাছ থেকে তথ্য সংগ্রহের জন্য পুলিশ জিজ্ঞাসাবাদ অব্যাহত রেখেছে । নিষিদ্ধ ঘোষিত সংগঠনটির কার্যকলাপ নিষ্ক্রীয় করে রাজ্যের নিরাপত্তা সুনিশ্চিত করার লক্ষ্যে ভবিষ্যতেও এই অভিযান চলবে বলে চরাইদেও জেলার উপ- পুলিশ সুপার গজানন্দ শর্মা জানিয়েছেন ।

---

নির্বাচন কমিশন আগামী আগষ্ট মাস থেকে সমগ্র দেশে ভোটার তালিকার পুনর নিরিক্ষণের জন্য ব্যবস্থা গ্রহণ করেছে । আগামী ২৮ শে জুলাই সুপ্রিম কোর্টে এই বিষয়ে এক মামলার শুনানি গ্রহণের পর নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করবে ।এদিকে সমগ্র দেশে ভোটার তালিকার পুনর নিরিক্ষণ প্রক্রিয়া শুরু করার জন্য নির্বাচন কমিশন

প্রতিটি রাজ্যে নির্বাচন কমিশনের আধিকারীক কর্মচারীদেরকে সক্রিয় করে তুলেছে ।

---

ভারতীয় মহাকাশচারী কেপ্টেন শুভাংশু শুক্লা এবং Axiom -4 অভিযানের অন্য তিন মহাকাশচারীর পৃথিবীতে ফিরে আসার প্রক্রিয়া আজ শুরু হয়েছে ।কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ডঃ জীতেন্দ্র সিং সামাজিক মাধ্যমে এক বার্তায় জানান আজ বিকেল সাড়ে চারটেয় আনডকিং প্রক্রিয়া শুরু হয়েছে , ভারতীয় সময় অনুযায়ি আগামীকাল বিকেল তিনটে নাগাদ মহাকাশচারীরা পৃথিবীতে অবতরণ করবেন । অবতরণ করার পর গ্রুপ কেপ্টেন শুক্লা সহ অন্যান্য সদস্যরা পৃথিবীর মাধ্যাকর্ষণ শক্তির সঙ্গে পুনরায় স্বাভাবিক অবস্থায় ফিরে আসার জন্য সাতদিনের বিশেষ কার্যসূচী গ্রহণ করবেন ।উল্লেখ্য গ্রুপ কেপ্টেন শুভাংশু শুক্লা অন্যান্য তিনজন সদস্যের সঙ্গে ১৪ দিনের বিশেষ অভিযানের জন্য আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্রে গিয়েছিলেন । শ্রী শুক্লা আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্র ভ্রমন করা প্রথম ভারতীয় এবং ১৯৮৪ সালে মহাকাশে যাওয়া উইং কমান্ডার রাকেশ শর্মার পর দ্বিতীয় ভারতীয় মহাকাশচারী হিসেবে পরিগণিত হয়েছেন ।

---

২০২০ ব্যাচের আই এ এস ক্যাডার অভিষেক জৈনকে হাইলাকান্দির নতুন জেলা আয়ুক্ত হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে ।আসাম সরকারের কর্মীবিভাগের গতকাল জারি করা এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে । শ্রী জৈন মুখ্যমন্ত্রী দপ্তরের যুগ্ম সচিব হিসেবে কর্মরত

ছিলেন । তিনি জেলার বর্তমান আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতমের স্থলাভিষিক্ত হবেন । এদিকে শ্রী গৌতমকে মুখ্যমন্ত্রী দপ্তরের সচিব পদে বদলি করা হয়েছে ।

---

গৌহাটী আই আই টি ও এইচ ডি এফ সি বেংকের যৌথ উদ্যোগে হাইলাকান্দি এস এস কলেজ প্রাঙ্গনে ভেষজ চাষে প্রযুক্তির ব্যবহারের জন্য একটি সৌরচালিত ভোল্টাইক ইউনিট ও আধুনিক প্রসেসিং সেন্টার স্থাপন করা হয়েছে ।এই ইউনিটটি ৫০ কিলো ওয়াট বিদ্যোৎ উৎপাদন করবে এবং ফসল প্রক্রিয়াকরণ , সংরক্ষণ ও বাজারজাত করার ক্ষেত্রে সহায়তা করবে । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত আয়ুক্ত দীপমালা গোয়ালা । বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৌহাটী আই আই টির অধ্যাপক ডঃ সিদ্ধার্থ সিং ।

---

কিশোর-কিশোরীদের সংগঠন কমসোমলের উদ্যোগে তিন দিবসীয় কাছাড় - শ্রীভূমি-হাইলাকান্দি ভিত্তিক শিক্ষা ও সাংস্কৃতিক শিবির গতকাল থেকে শিলচরের অসম সাহিত্য সভা ভবনে শুরু হয়েছে । এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের কাছাড় জেলা সম্পাদক ভবতোষ চক্রবর্তী শিক্ষা ও সাংস্কৃতিক শিবিরের উদ্বোধন করে বলেন যে বর্তমান সময়ে ছাত্র-ছাত্রীদের বিজ্ঞান সম্মত আর্দশের ভিত্তিতে চরিত্রের সাধনা করতে হবে । উল্লেখ্য তিন দিনের তিন জেলা ভিত্তিক শিক্ষা ও সাংস্কৃতিক শিবির আগামীকাল শেষ হবে । আগামীকাল শেষ অধিবেশনে এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের রাজ্য কমিটির সম্পাদক চন্দ্রলেখা দাস বক্তব্য রাখবেন ।

---

পূর্ত বিভাগের উধারবন্দ সড়ক ডিভিশনের কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে সাম্প্রতিক বন্যায় ক্ষয়ক্ষতির জন্য সিরিসথল থেকে অমরানগর পর্য্যন্ত সড়কে সব ধরনের ভারী যান চলাচল পরবর্তী নির্দেশ না দেওয়া পর্য্যন্ত বন্ধ থাকবে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে সিরিসথল থেকে অমরানগর পর্য্যন্ত সড়কের সেতুর সংযোগ অংশ বন্যার জলে ক্ষতিগ্রস্ত হওয়ায় বড় যান চলাচলের ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে । জনসাধারনের নিরাপত্তার স্বার্থে এবং সড়কের আরো ক্ষতি প্রতিরোধে এই নির্দেশ মেনে চলতে অনুরোধ জানানো হয়েছে ।

---

কাছাড় জেলার সৈনিক কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জেলার সেনা বাহিনী , নৌ-বাহিনী ও বিমান বাহিনীর প্রাক্তন সৈনিক ও তাদের পরিবারের সদস্য যারা এখনো নাম নথিভুক্ত করেন নি , তাদেরকে শীঘ্র শিলচর সৈনিক ভবনে এসে নাম নথিভুক্ত করতে অনুরোধ করা হয়েছে । বিস্তারিত বিবরন শিলচর সৈনিক কল্যান আধিকারীকের কার্য্যলয়ে পাওয়া যাবে ।

---

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় রেইনবো ক্লাব ২-০ গোলে নেইথাং এফ সি দলকে পরাজিত করেছে । পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় লেনরুয়াল এফ সি খেলবে টুপিলার সিংলাং এফ সি-র বিরুদ্ধে ।

---